৫১২

দৈনিক ইত্তেফাক

তারিখ 17 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৫

## জা'নগর ভার্সিটিতে ছাত্রদলের আমরণ অনশন শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : দুইজন ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার আমরণ

( ২য় পৃ: ১-এর ক: দ্র: )

### ছাত্র দলের অনশন

( প্রথম পৃ: পর )

অনশন কর্মসূচীর প্রথম দিন গতকাল ( রবিবার ) অতিবাহিত হয়। ছাত্রদলের শতাধিক নেতা-কর্মী কর্মসূচীতে অংশ নিয়াছে। গতকাল বিকালে ৪/৫ জন ছাত্র-ছাত্রী অসুস্থ হইয়া পড়ে।

বহিষ্কারাদেশ প্রত্যাহারের ব্যাপারে গতকাল বেলা ২টার সময় ভিসি প্রফেসর কাজী সালেহ আহমদের সহিত ছাত্রদল নেতৃবৃন্দের বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় সিণ্ডিকেট সদস্য প্রফেসর এনামুল হক খান উপস্থিত ছিলেন। ভিসি প্রফেসর কাজী সালেহ আহমদ এবং প্রফেসর এনামুল হক খান অনশনরত ছাত্র-ছাত্রীর সহিত কথা বলেন। অনশনে অংশগ্রহণকারী জাকসু ভিপি মাসুদ হাসান তালুকদার লিটন বলেন, আমরা নিয়মতান্ত্রিক আন্দোলনের সর্বশেষ স্তরে পৌঁছিয়াছি। ইহার পর কর্তৃপক্ষের বোধোদয় না হইলে পরবর্তী ঘটনাপ্রবাহে আমাদের নিয়ন্ত্রণ নাও থাকিতে পারে। পৃষ্ঠে 'আমরা গিনিপিগ হইতে চাই না' এবং বুকে 'উইথড্রয়াল অর ডাই' অংকিত করিয়া উন্মুক্ত শরীরে ছাত্রদল কর্মী শহীদ গতকাল বিকালে অনশনস্থলে ঘুমাইতেছিলেন।